



# বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর

## Bangladesh Rice Research Institute, Gazipur

Phone: PABX-880-2-49272005-9, 49272010-38, 49272056, Fax: 880-2-49272000

E-mail: [dg@brii.gov.bd](mailto:dg@brii.gov.bd); [brii@yaho.com](mailto:brii@yaho.com); Website: [www.brii.gov.bd](http://www.brii.gov.bd); [www.knowledgebank-brii.org](http://www.knowledgebank-brii.org)

### ঘূর্ণিঝড় সিত্রাং পরবর্তী আমন ফসল রক্ষার জন্য বিশেষ কৃষি আবহাওয়া পরামর্শ (২৫.১০.২০২২)

- WRF মডেল হতে প্রাপ্ত আবহাওয়ার পূর্বাভাস অনুযায়ী আগামী ০৫ (২৫/১০/২০২২ইং-২৯/১০/২০২২ইং) দিন বাংলাদেশের কোন জেলাতেই মাঝারি কিংবা ভারি বৃষ্টির কোন সম্ভাবনা নাই বললেই চলে। বরিশাল ও খুলনা বিভাগের কোন-কোন জেলায় খুবই সামান্য কিছু বৃষ্টি হতে পারে।
- ধানের এই অবস্থায় জমিতে সার ও সেচ দেওয়ার কোন প্রয়োজন নেই। ধান আধা পাকা বা পাকার কাছাকাছি থাকলে জমি হতে অতি দ্রুত পানি সরিয়ে ফেলতে হবে।
- নিষ্কাশন নালা পরিষ্কার রাখতে হবে যাতে ধানের জমিতে অতিরিক্ত পানি জমে না থাকে।
- শামা বা ফুস্কা আগাছায় এই সময় ফুল আসে। শামা বা ফুস্কা আগাছা উঠিয়ে ফেলতে হবে।
- ঘূর্ণিঝড়ের প্রভাবে যদি ধান নুইয়ে পড়ে সম্ভব হলে ৫-৬ টি ধানের গোছা একসাথে রশির সাহায্যে বেধে দিয়ে খাড়া করে রাখতে হবে এতে ফলনে ক্ষতি হবার সম্ভাবনা কম থাকে এবং ধান পরিপুষ্ট হবে।
- ধান গাছের বর্তমান বৃদ্ধি পর্যায়ে সুগন্ধি জাতে শিষ ব্লাস্ট এবং সংবেদনশীল জাতে (যেমন: ব্রি ধান৪৯, ব্রি ধান৭৫, ব্রি ধান৭৯) লক্ষ্মির গু রোগ দেখা দিতে পারে। আর এ রোগ দু'টি একবার হয়ে গেলে আর দমন করা যায় না। তাই বৃষ্টি কমলেই শিষ ব্লাস্ট রোগের জন্য ট্রাইসাইক্লোজল গুপের ছত্রাকনাশক যেমন: ট্রুপার প্রতি ১০ লিটার পানিতে ৮ গ্রাম ঔষধ অথবা স্ট্রবিন গুপের ছত্রাকনাশক যেমন: নাটিভো প্রতি ১০ লিটার পানিতে ৬ গ্রাম ঔষধ ভাল ভাবে মিশিয়ে ৫ শতাংশ জমিতে ৭ দিন ব্যবধানে ২ বার বিকাল বেলা স্প্রে করতে হবে। তবে খেয়াল রাখতে হবে যেন স্প্রে করার পরপরই বৃষ্টিতে ঔষধ ধুয়ে না যায়। একই ভাবে লক্ষ্মির গু রোগের জন্য প্রোপিকোনা জল গুরপর ছত্রাকনাশক যেমন: টিল্ট রোগ হওয়ার আগেই প্রয়োগ করতে হবে। তাছাড়া ঝড়-বৃষ্টির কারণে ব্যাকটেরিয়াজনিত পাতাপোড়া রোগ দেখা দিতে পারে। ধানের ফুল আসার পর এ রোগটি দেখা দিলে ফলনের তেমন কোন ক্ষতি হয় না।
- কাটা ফসল নিরাপদ স্থানে সংরক্ষণ নিয়ে ঝড়াই ও মাড়াই করুন।

আবহাওয়া ভিত্তিক ধান উৎপাদন ব্যবস্থাপনা সংক্রান্ত পরামর্শ প্রদানে-  
এগ্রোমেটিওরোলোজি এন্ড ক্রপ মডেলিং ল্যাব, ব্রি, গাজীপুর